

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, সিলেট।

০৭ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ০৭ ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় বিভাগীয় কার্যালয়, সিলেট এর মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, সিলেট এর ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ত্রৈমাসিকের অর্জনের উপর পর্যালোচনা সংক্রান্ত বিভাগীয় নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।


০১।	জনাব মোঃ নাজমুল হোসেন মহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।	সভাপতি
০২।	জনাব তপতী পুরকায়স্থ উপমহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।	সদস্য
০৩।	জনাব কেশব ভট্টাচার্য সহকারী মহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।	সদস্য
০৪।	জনাব রাশেদ আফজাল সহকারী মহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।	সদস্য
০৫।	জনাব মোঃ গোলাম মোস্তফা উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।	সদস্য সচিব


০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সভার সদস্য সচিব ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ত্রৈমাসিকের অর্জন বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ত্রৈমাসিকের অর্জনের পর্যালোচনা করেন এবং বিগত ০৭/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তের অর্জন নিয়ে আলোচনা করেন। তিনি সকল ক্ষেত্রে শুদ্ধাচার চর্চা এবং এর যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করার জন্য আহ্বান জানান।


০৩। সভায় বিভাগের চলমান বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সকল সদস্য বর্ণিত বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-


- ক) জুলাই, ২০২১ হতে সেপ্টেম্বর, ২০২১ সময়কালের ১ম প্রাক্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শুদ্ধাচার বিষয়ক তথ্যাদি ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাবে আপলোড করতে হবে।
- খ) ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।


০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ গোলাম মোস্তফা)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সদস্য সচিব
বিভাগীয় নৈতিকতা কমিটি, সিলেট।


(রাশেদ আফজাল)
সহকারী মহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সদস্য
বিভাগীয় নৈতিকতা কমিটি, সিলেট।


(কেশব ভট্টাচার্য)
সহকারী মহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সদস্য
বিভাগীয় নৈতিকতা কমিটি, সিলেট।


(তপতী পুরকায়স্থ)
উপমহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সদস্য
বিভাগীয় নৈতিকতা কমিটি, সিলেট।


(মোঃ নাজমুল হোসেন)
মহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সভাপতি
বিভাগীয় নৈতিকতা কমিটি, সিলেট।